মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় ডিপ্লোমা প্রকৌশলীর মৃত্যু, বাবাসহ ৩ জন আহত

মেহেরপুর চুয়াডাঙ্গা সড়কের আহমেদ আলী টেকনিক্যাল কলেজ সংলগ্ন স্থানে সড়ক দুর্ঘটনায় সালাউদ্দিন সাগর নামের এক ডিপ্লোমা প্রকৌশলীর মৃত্যু হয়েছে।

রবিবার সন্ধ্যার দিকে এ দুর্ঘটনার ঘটনা ঘটে।

একই ঘটনায় নিহতের পিতা মেহেরপুর পৌর সভার ৮ নম্বর ওয়ার্ডের সাবেক কাউন্সিলর তৌহিদুল ইসলাম বাবলু সহ আরো ৩ জন গুরতর আহত হয়েছেন।

বাকি আহতরা হলো সদর উপজেলার গোভিপুর গ্রামের ভনার ছেলে হাসান ও নজরুলের ছেলে সুমন। আহতদের মধ্যে বাবুল ও সুমনের অবস্থা আশংকা জনক রয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, ঘটনার সময় তৌহিদুল ইসলাম বাবলু তার ছেলে সাগরকে নিয়ে মোটরসাইকেল যোগে নিজ ক্ষেত থেকে বাড়ি ফিরছিলেন। এসময় ক্ষেত থেকে প্রধান সড়কে উঠার সময় পেছন দিক থেকে দ্রুতগামী একটি মোটরসাইকেল ধাক্কা দেয়। এতে দুই মোটরসাইকেল চারজন আহত হয়।

স্থানীয়রা আহতদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় সাবেক কাউন্সিলর তৌহিদুল ইসলাম বাবলুর ছেলে ডিপ্লোমা প্রকৌশলী সালাহউদ্দিন সাগরের মৃত্যু হয়।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান ঘটনার সত্যাতা স্বীকার করেছেন।

মেপ্র/ইএম

মেহেরপুরে সড়ক দুর্ঘনায় দুই জন আহত

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়ায় মোটরসাইকেল ও পাখি ভ্যানের সংঘর্ষে দুইজন আহত হয়েছে।

রবিবারে মেহেরপুর সদরের মজিবনগর রোড বামনপাড়া মোড়ে এই দুর্ঘটনা ঘটে। আহতরা হলো -মেহেরপুর সদরের বামন পাড়া গ্রামের তারিকুজ্জামান এর ছেলে রাফি(১৬) এবং একই গ্রামের খবির উদ্দিনের ছেলে মোহাম্মদ জাহিদ হোসেন(৩৭)।

স্থানীয়রা জানান, একজন মোটরসাইকেলযোগে বাসায় আসছিল ও অন্যজন মাছ বিক্রি শেষে পাখি ভ্যান নিয়ে বাজার থেকে বাড়ি ফিরছিল । এসময় একটি যাত্রীবাহি বাসকে সাইড দিতে গিয়ে দুজনের সামনাসামনি সংঘর্ষ সৃষ্টি হয়। এতে দুইজন গুরুতর আহত হয়। তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

আহতদের জাহিদের একটি পা ভেঙ্গে গিয়েছে ও বিভিন্ন স্থানে কেটে গেছে এবং রাফির একটি হাত ভেঙ্গে গিয়েছে ও পায়ের অনেক স্থানে কেটে গেছে । তারা দুজনই এখন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মেপ্র/ইএম

ঝিনাইদহে ট্রাক্টরের ধাক্কায় ৩ জন নিহত

ঝিনাইদহের মহেশপুরে ট্র্ক্টারের ধাক্কায় ৩ মোটর সাইকেল আরোহী নিহত হয়েছেন। শুক্রবার মহেশপুর উপজেলার জাগুসা গ্রামের মাঠে এ ঘটনা ঘটে।

নিহতরা হলো-জীবননগর উপজেলার চাকলা গ্রামের রফিক উদ্দিনের ছেলে

রাজু হোসেন (২২) ও নেহালপুর গ্রামের নজরুল ইসলাম (৪৮) ও ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার সাব্দালপুর গ্রামের জয়নাল আবেদীনের ছেলে সাব্বির আহম্মেদ (১৬)।

মহেশপুর থানার ওসি মোর্শেদ হোসেন খান জানান, ৩ জন মোটর সাইকেল যোগে কোটচাঁদপুর উপজেলার সাব্দালপুর থেকে মহেশপুরের বাবলা মাথাভাঙ্গা গ্রামের বিয়ের দাওয়াত খেতে যাচ্ছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক্টর তাদের ধাক্কা দেয়।

এতে ওই ৩ জন গুরুতর আহত হয়। সেখান থেকে তাদের উদ্ধার করে মহেশপুর উপজেলা সাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃ*ত ঘোষনা করেন।
নিহতের লাশ ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানোর প্রস্তুতি চলছে।

মেপ্র/ আরপি

মেহেরপুরে মোটরসাইকেলের ধাক্কায় পথচারী নিহত

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামে মোটর সাইকেলের ধাক্কায় রুহুল কুদ্দুস (৫৫) নামের এক পথচারী নিহত হয়েছেন।

বুধবার দিবাগত রাত ১১টার দিকে এ ঘটনা ঘটে। নিহত রুহুল কুদ্দুস উপজেলার আমদহ গ্রামের রুপচাঁদ আলীর ছেলে।

স্থানীয়রা জানান, ঘটনার সময় রুহুল কুদ্দুস আমদহ ইউনিয়ন পরিষদের সামনের একটি দোকান থেকে বাড়ি ফেরার পথে দ্রুতগামী একটি মোটর সাইকেল তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। এতে রুহুল কুদ্দুস রাস্তায় ছিটকে পড়ে মাথায় গুরতর আঘাত পান। স্থানীয়রা তাকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার চেষ্টা করলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

মেপ্র/ইএম

[redacted]

[redacted]

বাসরের ফুল কিনতে গিয়ে সড়ক দুর্ঘটনায় প্রাণ গেল হবু বরের

রাত পোহালেই বিয়ে, প্রস্তুতিও প্রায় শেষ। এমনই সময় বাড়িতে খবর এলো সড়ক দুর্ঘটনায় হবু বর তন্ময় বিশ্বাসের মৃত্যু হয়েছে।

ঘটনাটি ঘটেছে ঝিনাইদহ শহরের কলাহাট এলাকায় বৃহস্পতিবার রাত ৮টার দিকে।

নিহত তন্ময় বিশ্বাস সদর উপজেলার কলোমনখালি গ্রামের গোলাম নবীর ছেলে। তার মৃত্যুতে বর ও কনে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

নিহতের পরিবার সূত্রে জানা যায়, আগামীকাল জেলা সদরের হাট-বাকুয়া গ্রামের একটি মেয়ের সঙ্গে বিয়ে হওয়ার কথা ছিল তন্ময় বিশ্বাসের। বাড়িতে প্রস্তুতিও প্রায় শেষ। এমন সময় সে ঝিনাইদহ শহরে আসছিল বাসর ঘরের ফুল কিনতে। হঠাৎ রাত ৮টার দিকে খবর এলো সে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছে।

ঝিনাইদহ ফায়ার সার্ভিস কর্মকর্তা রউফ মোল্লা জানান, মোটরসাইকেল ঠেকিয়ে রাস্তার পাশে দাঁড়িয়ে ছিল তন্ময় বিশ্বাস। এ সময় অজ্ঞাত যান তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই সে মারা যায়। পরে লাশটি সদর হাসপাতালে পাঠানো হয়েছে।

মেপ্র/ইএম

আরো পড়ুন: মুজিবনগরে গৃহবধুকে শ্বাসরোধ করে হত্যার অভিযোগ

ঝিনাইদহে আলাদা সড়ক দুর্ঘটনায় ৩ জন নিহত

ঝিনাইদহের মহেশপুর ও কালীগঞ্জে আলাদা সড়ক দুর্ঘটনায় স্কুল শিক্ষার্থীসহ ৩ জন নিহত হয়েছে। বুধবার সকালে মহেশপুর উপজেলার

বজরাপুর ও কালীগঞ্জ উপজেলার ঘিঘাটি গ্রামে এ দূর্ঘটন ঘটে।

ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার মিলু মিয়া বিশ্বাস জানান, সকালে মহেশপুর উপজেলার বাজরাপুর এলাকায় আলমসাধু ও বিদ্যুতের পোল বহনকারী ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হয়। এসময় ঘটনাস্থলেই কামাল হোসেন নামের একজন মারা যায়।

আহত হয় আরও ৪ জন। সেখানে থেকে আহতদের উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়।

আহতদের মধ্যে খলিলুর রহমান নামের একজনের শারীরিক অবস্থান অবনতি হলে তাকে যশোর জেনারেল হাসপাতালে পাঠানো হলে পথেই তার মৃত্যু হয়।

এদিকে সকালে কালীগঞ্জ উপজেলার শাহপুর ঘিঘাটি এলাকায় দ্রুতগামী মাইক্রোবাস চাপায় রনি আহম্মেদ নামের এক স্কুল ছাত্র নিহত হয়েছে।

সে শাহপুর ঘিঘাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণীর ছাত্র ছিল।

মেপ্র/ আরপি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় মা ও ছেলে আহত, ছেলেকে পঙ্গুতে রেফার্ড

মেহেরপুরের গোভিপুরে মোটর সাইকেল ও আলগামনের মুখোমুখি সংঘর্ষে মা ও ছেলে আহত হয়েছে।

আহতদের মধ্যে মা রুপালি খাতুনকে মেহেরপুর জেনারেল হাসপাতালে এবং ছেলে ফয়সালকে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

শনিবার রাতে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামে এ ঘটনা ঘটে।

জানা গেছে মেহেরপুর সদর উপজেলার হরিরামপুর গ্রামের সার্থক আলী তার স্ত্রী রুপালী এবং ছেলে ফয়সাল নিয়ে মোটরসাইকেল যোগে মেহেরপুর আসিছেলন।

আসার পথে গোভিপুর গ্রামে বিপরীত দিক থেকে আাসা একটি আলগা মনের এর সঙ্গে মুখোমুখি সংঘর্ষ ঘটে এতে রুপালী ও তার ছেলে ফয়সাল আহত হয়। তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়।

ছেলে ফয়সালের আবস্থা গুরতর হওয়ায় তাকে ঢাকা পঙ্গু হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

মেপ্র/এমইএম

আরো পড়ুর: গাংনী ইউএনও কার্যালয় ও পৌরসভার বিদ্যুৎ বিল বাকি ৩০ লাখ টাকা

গাংনীর পল্লী থেকে ৪শ’২৬ বোতল ফেন্সিডিল সহ দু’মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহের শৈলকুপায় বাস চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার গাড়াগঞ্জ এলাকায় বাস চাপায় সোহাগ হোসেন (১৭) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে।

বুধবার সকালে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়েকর গাড়াগঞ্জ ব্রীজ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত সোহাগ হোসেন ওই উপজেলার রানী নগর গ্রামের ইসাহাক মন্ডলের ছেলে। সে শৈলকুপার মিয়া জিন্নাহ আলম ডিগ্রি কলেজের দ্বাদশ শ্রেণীর ছাত্র ছিলো।

শৈলকুপা থানার ওসি বজলুর রহমান জানান, সকালে মোটর সাইকেল যোগে গাড়াগঞ্জ থেকে বাড়ী ফিরছিল। পথে ঘটনাস্থলে পৌঁছালে পিছন দিক

থেকে আসা একটি যাত্রীবাহী বাস তাকে চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলে সোহাগ’র মৃত্যু হয়। পরে পুলিশ তার লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠিয়েছে।

মেপ্র/এমইএম

ঝিনাইদহে আলমসাধুর ধাক্কায় ভ্যানচালক নিহত

ঝিনাইদহ সদর উপজেলার বৈডাঙ্গা বাজারে আলমসাধুর ধাক্কায় শাহিন হোসেন (১৮) নামের এক ভ্যান চালক নিহত হয়েছে।

সোমবার সকালে বৈডাঙ্গা বাজারে এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহিন হোসেন সদর উপজেলার উত্তরনারায়পুর গ্রামের জামাল হোসেনের ছেলে।

ঝিনাইদহ সদর থানার ওসি মঈন উদ্দিন জানান, সকালে শাহিন উদ্দিন ব্যাটারী চালিত ভ্যান নিয়ে বৈডাঙ্গা বাজারে যাচ্ছিল। বাজার এলাকায় পৌঁছালে একটি আলমসাধু ভ্যানটিকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এই মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

- ঝিনাইদহ প্রতিনিধি